# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 10-03-2026** **Time: 7.50 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনে সব বৈধ ভোটার, ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন বলে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আশ্বাস্ত করেছেন। তবে, কোন অবৈধ ভোটারের নাম ভোটার তালিকায় থাকবে না বলেও তিনি জানিয়ে দিয়েছেন।

২) রাজ্য সরকার এবং নির্বাচন কমিশনকে, জুডিশিয়াল অফিসারদের সবরকম সহযোগিতা করার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

৩) রাজ্যে এস আই আর সংক্রান্ত যাবতীয় সমস্যার জন্য তৃণমূল কংগ্রেস সরকারীই দায়ী বলে বিজেপি অভিযোগ করেছে।

৪) পাঁচ দিন পর আজ ধর্মতলায় ধর্ণা অবস্থান প্রত্যাহার করলেন মমতা ব্যানার্জী।।

৫) কেন্দ্রীয় মন্ত্রিসভার অর্থনৈতিক বিষয়ক ক্যাবিনেট কমিটি-সিসিইএ রাজ্যে দুটি রেল প্রকল্প অনুমোদন করেছে। এর জন্য মোট ব্যয় ধরা হয়েছে ৪ হাজার ৪৭৪ কোটি টাকা।

৬) সারদা চিটফাণ্ড আর্থিক দূর্নীতির তদন্তে রাজ্য সরকার গঠিত কমিশনকে আর্থিক হিসেব নিকেষ সংক্রান্ত যাবতীয় রিপোর্ট প্রকাশের নির্দেশ কলকাতা হাইকোর্টের।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনে সব বৈধ ভোটার, ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। তবে, কোন অবৈধ ভোটারের নাম ভোটার তালিকায় থাকবে না বলে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার জানিয়েছেন।

দু দিনের রাজ্য সফর শেষে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ কলকাতায় সাংবাদিক বৈঠক করেন। সেখানে জ্ঞানেশ কুমার বলেন, ১৯৫০ সালের জন প্রতিনিধিত্ব আইন অনুযায়ী এস আই আর প্রক্রিয়া চালানো হয়েছে, এবং এই প্রক্রিয়ার লক্ষ্য হলো –প্রত্যেক বৈধ নাগরিকের ভোটাধিকার সুনিশ্চিত করা এবং ভোটার তালিকায় স্বচ্ছতা আনা।

বিধানসভা নির্বাচনকে কেন্দ্র করে কোনোরকম হিংসা বরদাস্ত করা হবে না বলেও তিনি স্পষ্ট জানান। মুখ্য নির্বাচন কমিশনার আরও বলেন, ভোটার বা নির্বাচনের সঙ্গে যুক্ত ব্যক্তিদের ভীতি প্রদর্শন অথবা অশান্তি সংক্রান্ত অভিযোগ পেলে কঠোর পদক্ষেপ নেওয়া হবে। কোন আধিকারিক কমিশনের নির্দেশ বা আইন না মানলেও, তার বিরুদ্ধে কঠোর ব্যবস্হা নেওয়ার কথা জানিয়েছেন মুখ্য নির্বাচন কমিশনার। তিনি বলেন, পুলিশ প্রশাসন এবং আইন বলবৎকারী সংস্থার সঙ্গে বৈঠকে কোনরকম পক্ষপাতমূলক আচরণ থেকে তাদের বিরত থাকতে বলা হয়েছে।

(বাইট – জ্ঞানেশ কুমার-DM/SP)

তিনি আরও বলেন, ৮০ হাজারেরও বেশী ভোটকেন্দ্র তৈরী করা হবে এবং প্রতিটি কেন্দ্রেই ওয়েবকাস্টিং এর ব্যবস্থা থাকবে। বয়স্ক ভোটারদের সুবিধার্থে হুইল চেয়ারের ব্যবস্থার পাশাপাশি স্বেচ্ছাসেবক বাহিনীও মজুত রাখা হবে। থাকবে পানীয় জলের ব্যবস্থা। খোলা হবে ভোটার সহায়তা কেন্দ্র। যুব সমাজের অংশগ্রহণ নিশ্চিত করতে আরো বেশী উদ্যোগ নেওয়া হচ্ছে। ভোটার সংক্রান্ত সমস্ত তথ্য ECINET অ্যাপে পাওয়া যাবে। মোবাইল ফোন নিয়ে ভোটকেন্দ্রে প্রবেশ করা যাবে না। নির্দিষ্ট সময় অন্তর আপডেটেড ভোটার তালিকা প্রকাশিত হবে বলে তিনি জানান।

(বাইট – আপডেটেড ভোটার তালিকা)

জ্ঞানেশ কুমার বলেন, ক-দফায় এরাজ্যে নির্বাচন হবে, তা নির্ভর করবে রাজ্য সরকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে কতটা প্রস্তুত, তার ওপর। তার সম্পর্কে কয়েকটি রাজনৈতিক দল যে অসৌজন্যমূলক মন্তব্য করছে, সে সম্পর্কে মুখ্য নির্বাচন কমিশনার বলেন, ভারত একটি গণতান্ত্রিক দেশ, এখানে যে কেউ স্বাধীনভাবে তার বক্তব্য রাখতে পারেন এব্যাপারে তার কিছু বলার নেই।

জ্ঞানেশ কুমার বলেন, নির্বাচন কমিশন জিরো টলারেন্স নীতি নিয়ে চলছে এবং অপরাধীদের বিরুদ্ধে কঠোর থেকে কঠোরতম শাস্তি দেওয়া হবে। নির্বাচন সংক্রান্ত বকেয়া মামলাগুলি সম্পর্কে আদালত ব্যবস্থা নেবে বলে তিনি মন্তব্য করেন।

এর আগে আজ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ, রাজ্যের মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী, রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত মহা নির্দেশক পীযুষ পান্ডে, বরিষ্ঠ আধিকারিদের সঙ্গে বৈঠক করে। কথা বলেন, বুথ লেভেল আধিকারিকদের সঙ্গেও।

সকালে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বেলুড়মঠ এবং দক্ষিণেশ্বরে মা ভবতারিনীর মন্দিরে যান। দক্ষিণেশ্বরে ঢোকার মুখে শাসক দল সমর্থিত বেশ কয়েকজন তাঁকে কালো পতাকা দেখায়। দেওয়া হয় গো-ব্যাক শ্লোগান।

oooooooooooooooooooooo

রাজ্য সরকার এবং নির্বাচন কমিশনকে, জুডিশিয়াল অফিসারদের সবরকম সহযোগিতা করার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। আজ প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি আর মহাদেবনের বেঞ্চে এস আই আর নিয়ে নির্বাচন কমিশনের বিরুদ্ধে দায়ের হওয়া মামলার সঙ্গেই গতকাল রাজ্যের তরফে পেশ করা আরো একটি আবেদনের শুনানি হয়।

শীর্ষ আদালত একই সঙ্গে রাজ্যে এস আই আর প্রক্রিয়ায় নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের সিদ্ধান্তের বিরুদ্ধে দায়ের করা আবেদন খতিয়ে দেখতে একটি বিশেষ অ্যাপিলেট ট্রাইব্যুনাল গঠনের জন্য কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে নির্দেশ দিয়েছে।

হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি এবং অন্য বিচারপতিদের নিয়ে এই ট্রাইব্যুনাল গঠন করতে হবে বলে প্রধান বিচারপতির বেঞ্চে জানিয়েছে।

এব্যাপারে বিজ্ঞপ্তি জারি করবে নির্বাচন কমিশন। একই সঙ্গে এসংক্রান্ত সমস্ত খরচ নির্বাচন কমিশনকেই বহন করতে হবে বলে জানিয়েছে শীর্ষ আদালত।

তিন বিচারপতির বেঞ্চ স্পষ্ট জানিয়েছে, এস আই আর-এর কাজে নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের দক্ষতা ও নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তোলার কোনো অবকাশ নেই ।

বিচারবিভাগীয় আধিকারিকরা এখনও পর্যন্ত বিচারাধীন তালিকায় থাকা ১০ লক্ষ ১৬ হাজার মামলার নিষ্পত্তি করেছেন।

এছাড়াও এস আই আর-এর সুষ্ঠু অগ্রগতি সুনিশ্চিত করতে একাধিক নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। বেঞ্চে জানিয়েছেন, ১০ লক্ষের বেশি নামের নিষ্পত্তি হয়ে গেলে একটি ক'রে অতিরিক্ত তালিকা প্রকাশ করতে হবে।

লজিক্যাল ডিসক্রিপেন্সিতে নিষ্পত্তি হওয়া ভোটারদের অতিরিক্ত তালিকা প্রকাশের বিষয়ে কমিশন এবং রাজ্য দু'পক্ষই কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির কাছে আবেদন জানাতে পারবেন।

oooooooooooooooooooooooo

রাজ্যে এস আই আর সংক্রান্ত যাবতীয় সমস্যার জন্য তৃণমূল কংগ্রেস সরকারীই দায়ী বলে বিজেপি অভিযোগ করেছে। দলের নেতা তাপস রায় আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বলেন, BLO, ERO এবং AERO-রা শাসক দলের নির্দেশেই কাজ করেছে।

(বাইট – তাপস রায়)

নির্বাচন কমিশন , সুপ্রিম কোর্ট, হাইকোর্ট এবং দেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সম্পর্কে শাসক দলের নেতাদের সাম্প্রতিক মন্তব্য নিয়েও এদিন ক্ষোভ প্রকাশ করেন তিনি।

ooooooooooooooooooooooooo

SIR মামলায় সুপ্রিম কোর্টের সাম্প্রতিক পদক্ষেপে রাজ্যের দাবি অনেকটা পূরণ হয়েছে এবং বিচার পাওয়ার পথও প্রশস্ত হয়েছে বলে দাবি করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পাঁচ দিন পর আজ ধর্না কর্মসূচি প্রত্যাহার করে নিয়েছেন। ধর্মতলায় ধর্না মঞ্চ থেকে, তৃণমূল কংগ্রেস নেত্রী বলেন, দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়-সহ অন্য নেতাদের সঙ্গে আলোচনা করেই এই সিদ্ধান্ত। আদালতের দেখানো পথেই মানুষ তাঁদের অধিকার ফিরে পাবেন বলে তিনি আশাবাদী ।

উল্লেখ্য এসআইআর প্রক্রিয়ায় বহু বৈধ ভোটারের নাম বাদ পড়ার অভিযোগ তুলে গত কয়েক দিন ধরে কলকাতার ধর্মতলায় অবস্থান কর্মসূচি চালিয়ে যাচ্ছিলেন মুখ্যমন্ত্রী। বিভিন্ন রাজনৈতিক নেতা, শিল্পী, বুদ্ধিজীবী ও সাধারণ মানুষও সেই মঞ্চে উপস্থিত হয়ে সমর্থন জানিয়েছিলেন।

মুখ্যমন্ত্রীর দাবি, সুপ্রিম কোর্টের রায়ের ফলে এখন বৈধ ভোটারদের অধিকার রক্ষার সুযোগ তৈরি হয়েছে। সেই কারণেই আপাতত ধর্না কর্মসূচি প্রত্যাহার করা হল বলে তিনি জানান।

সন্ধ্যায় মুখ্যমন্ত্রী বিদায়ী রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

oooooooooooooooo

রাজ্যজুড়ে বিজেপি-র পরিবর্তন যাত্রা চলছে। দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপ থেকে কুলপী পর্যন্ত আজ এই যাত্রায় যোগ দেন হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াব সিং সাইনি। তিনি বলেন, পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেস সরকারের আমলে হিংসার ঘটনা বৃদ্ধি পাচ্ছে। অধিকাংশ ক্ষেত্রে পুলিশ এফ আই আর দায়ের করছে না। হরিয়ানায় বাঙালীদের ওপর নির্যাতনের অভিযোগ খারিজ করে দেন তিনি। সভায় উপস্থিত ছিলেন বিজেপি নেতা সজল ঘোষ, ইন্দ্রনীল খাঁ প্রমুখ।

বাঁকুড়ার ইন্দাস বিধানসভার শাশপুর বাজারে বিজেপি-র পরিবর্তন যাত্রায় অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

দলের রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, পূর্ব বর্ধমানের ভাতারে পরিবর্তন যাত্রাত যোগ দিয়ে অভিযোগ করেন, ধর্ণা মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী ক্রমাগত উস্কানিমূলক মন্তব্য করছেন। এই ধরণের মন্তব্য সমাজে অস্থিরতা ও বিভাজন তৈরি করতে পারে বলে তাঁর দাবি।

মালদায় আজ পরিবর্তন যাত্রায় যোগ দেন দলের নেতা দিলীপ ঘোষ।

oooooooooooooooo

কেন্দ্রীয় মন্ত্রীসভার অর্থনৈতিক বিষয়ক ক্যাবিনেট কমিটি-সিসিইএ রাজ্যে দুটি রেল প্রকল্প অনুমোদন করেছে। এর জন্য মোট ব্যয় ধরা হয়েছে ৪ হাজার ৪৭৪ কোটি টাকা। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে সাঁইথিয়া - পাকুর চতুর্থ লাইন এবং সাতরাগাছি - খড়গপুর চতুর্থ লাইন। এই প্রকল্পের ফলে যোগাযোগ ব্যবস্থা আরও সুগম হবে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন।

(বাইট-অশ্বিনী)

কেন্দ্রীয় মন্ত্রীসভা জল জীবন মিশন প্রকল্পের মেয়াদ ২০২৮ সালের ডিসেম্বর মাস পর্যন্ত বাড়ানোর প্রস্তাবেও ছাড়পত্র দিয়েছে। নতুন দিল্লিতে এক সাংবাদিক বৈঠকে কেন্দ্রীয় তথ্য ও

সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেন, এই প্রকল্পে ৮ লক্ষ ৬৯ হাজার কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে। এর মধ্যে কেন্দ্রীয় সহায়তার পরিমাণ ৩ লক্ষ ৫৯ হাজার কোটি টাকা।

oooooooooooooooo

প্রধানমন্ত্রী ধন-ধান্য যোজনা দেশের ১০০টি জেলায় কার্যকর হলেও পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্পের বাস্তবায়ন করেনি বলে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান অভিযোগ করেছেন। আজ লোকসভায় তিনি বলেন , এই প্রকল্পের জন্য কৃষকদের সহায়তা এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পুরুলিয়া, দার্জিলিং, আলিপুরদুয়ার এবং ঝাড়গ্রাম এই চারটি জেলাকে নির্বাচন করা হয়েছিল। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের অসহযোগিতার কারণে তার বাস্তবায়ন সম্ভব হয়নি। উল্লেখ্য এই প্রকল্পের আওতায় কম উৎপাদন সম্পন্ন জেলাগুলিকে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সহায়তা দেওয়া হয়।

oooooooooooooooo

দেশে রান্নার গ্যাসের কোনো ঘাটতি নেই বলে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হারদীপ সিং পুরি আশ্বস্ত করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে এ ব্যাপারে অযথা আতংকিত না হওয়ার আবেদন জানিয়েছেন তিনি। তিনি জানিয়েছেন , বিভিন্ন সূত্র থেকে এবং বিভিন্ন পথে সরকার জ্বালানি আমদানি করছে। তিনি জানিয়েছেন , সি এন জি এবং পি এন জি - র সরবরাহ যাতে একশো শতাংশ বজায় থাকে তার লক্ষ্যে সরকার বেশ কিছু ব্যবস্থা নিয়েছে।

oooooooooooooooooooooo

সারদা চিটফাণ্ড আর্থিক দূর্নীতির তদন্তে রাজ্য সরকার গঠিত প্রাক্তন বিচারপতি শ্যামল সেন কমিশনের আর্থিক হিসেব নিকেষ সংক্রান্ত যাবতীয় রিপোর্ট প্রকাশ্যে আনার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চ আজ হাইকোর্টের হাতে থাকা ওই রিপোর্ট মামলার সঙ্গে যুক্ত সব পক্ষকে দিতে বলেছেন ।

২০১৩ সালে গঠিত এই কমিশন রাজ্যের ঘোষিত ৫০০ কোটির তহবিল থেকে প্রায় ২২৫ কোটি টাকা প্রতারিত আমানত কারীদের ফেরত দেয়। এরপর শ্যামল সেন কমিশন তহবিলে থাকা টাকা ও যাবতীয় হিসেব নিকেষ রাজ্যের কাছে পাঠিয়ে দেয়। তার প্রতিলিপি জমা পরে হাইকোর্টের কাছেও। কিন্তু তারপরে আর সেই রিপোর্ট প্রকাশ্যে আনেনি হাইকোর্ট। এরপর রিপোর্ট প্রকাশের দাবিতে জনস্বার্থ মামলা দায়ের হয় কলকাতা হাইকোর্টে।

oooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গের এবারের বিষয় কর্কট রোগ ও তার প্রতিরোধ। দুই পর্বের এই আলোচনায় আজ শুনবেন সারভাইকাল ক্যান্সার প্রতিরোধে ভারত সরকারের বিনামূল্যে hpv টীকা করণ কর্মসূচি। বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ ড শংকর নাথের  সঙ্গে কথা বলেছেন  কাশফিন  নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন  রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

ooooooooooooooooooooo

এআইএফএফের যুব লিগ ফুটবলে আজ ইস্টবেঙ্গল নিজেদের মাঠে ৪-১ গোলে মহামেডান স্পোর্টিং কে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে জাইদ খান , সাহিল খান, ইব্রাহিম আলি খান, স্যামুয়েল হাওকিপ গোল করেছেন।

ooooooooooooooooo

ooooooooooooooooo